গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(বোর্ড প্রশাসন-১)
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০০১.১৯.০০২.২৪

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত নিলামে সর্বাধিক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে নিলাম বিজ্ঞপ্তি সকল সরকারি দপ্তরের ওয়েবসাইটে প্রকাশকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা ও নিলাম) এর ইউ ও নোট নং-০৮.০১.০০০০.০৬৩.২৬.০১২.১৭ (অংশ-২)/১৪৬, তারিখঃ ২২ জুলাই ২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, বিদ্যমান কন্টেইনার জট ও এর ফলে উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ ও রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে জাতীয় রাজস্ব বোর্ড হতে জারিকৃত বিশেষ আদেশের আলোকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত E-Auction Module ব্যবহার করে কাস্টমস হাউস, চট্টগ্রামে নিলাম কার্যক্রম সম্পাদিত হচ্ছে। নিলাম কার্যক্রমে সম্ভাব্য সর্বোচ্চ সংখ্যক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং অধিকতর কার্যকর করার অংশ হিসেবে বিশেষ আদেশের নির্দেশনা মোতাবেক ব্যাপক প্রচার-প্রচারণা প্রয়োজন। সুতরাং, কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত নিলামে সর্বাধিক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং নিলাম প্রক্রিয়াকে অধিকতর কার্যকর করার লক্ষ্যে সংযুক্ত নিলাম বিজ্ঞপ্তিটি সকল সরকারি দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন।

০২। এতাবস্থায়, কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত নিলামে সর্বাধিক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে উক্ত নিলাম বিজ্ঞপ্তিটি সকল সরকারি দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে সংযুক্ত করে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ** বর্ণনা মোতাবেক।

স্বাঃ/-
(খালিদ আহম্মেদ)
সদস্য (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

**সচিব**
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

নথি নং-০৮.০১.০০০০.০০১.১৯.০০২.২৪/৬০৭(২)

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে নিলাম বিজ্ঞপ্তিটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৩/৭/২৫
(উম্মে আয়মান কাশমী)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
(ছুটি প্রতিস্থাপক)

H:\NBR\বিভিন্ন মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ\চিঠি.Docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস হাউস, চট্টগ্রাম

নিলাম শাখা।

Website: www.chc.gov.bd

## E-Auction (টেন্ডার সেল নং-০৮/২০২৫) বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে রক্ষিত আমদানিকৃত অখালাসকৃত, আটককৃত ও বাজেয়াপ্তকৃত বিভিন্ন প্রকার মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য E-Auction Module এ দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ১৬/০৭/২০২৫ খ্রি. সকাল ৯.০০ টা হতে ০৬/০৮/২০২৫ খ্রি. দুপুর ২.০০ টা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd, www.chc.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Module (103.48.18.166/auction/301) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। পণ্য যেখানে যে অবস্থায় রয়েছে, তা সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণ করার জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইনে নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে "কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম" এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং পরবর্তীতে স্ক্যানকৃত পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি নির্ধারিত সময়ের (০৬/০৮/২০২৫ তারিখ দুপুর ২.০০ টা) এর মধ্যে সীলগালাযুক্ত খামে কাস্টমস হাউস, ঢাকা/কাস্টমস হাউস, আইসিডি (কমলাপুর), ঢাকা/কাস্টমস হাউস, বেনাপোল এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখায় রক্ষিত দরপত্র বাক্সে অবশ্যই দাখিল/জমা প্রদান করতে হবে। বাক্সসমূহ আগামী ১০.০৮.২০২৫ খ্রি. তারিখ বেলা ১১.০০ টায় নিলাম শাখা, কাস্টম হাউস, চট্টগ্রামে একযোগে খোলা হবে। নির্ধারিত সময়ের মধ্যে পে-অর্ডারের মূল কপি জমা প্রদানে ব্যর্থ হলে অনলাইনে দাখিলকৃত দর বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর প্রযোজ্য শর্ত প্রতিপালন, রীট মামলা যাচাই ও বিদ্যমান অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্তাদি পরিপালন এবং খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত সাপেক্ষে পণ্যচালান খালাসযোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

<u>পণ্য পরিদর্শনের তারিখ</u>: লটভুক্ত মালামাল আগামী ২০/০৭/২০২৫ খ্রি. থেকে ৩১/০৭/২০২৫ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

<u>সংশোধনী তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে)</u>: ০৩/০৮/২০২৫ খ্রি.

প্রাথমিক তথ্যের জন্য ১৬১৩৪ অথবা জনাব এস. এম. ফয়জুর রহমান, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৯২৬-৯৬০৯৫৫, জনাব বিজন কুমার তালুকদার, রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৭১৮-১১৫১৪৭ এবং নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্র্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (জনাব আমিনুর রহমান মানিক, মোবাইল: ০১৭১১-৪৪৮৭০৬, জনাব মোহাম্মদ মোরশেদ, মোবাইল: ০১৮২৪-৯৮৫২১৪) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

<u>বিঃ দ্রঃ</u>- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় ও পর্যায়ে যে কোন লট/পণ্যচালান বা সকল লট/পণ্যচালানের নিলাম আংশিক বা সম্পূর্ণ স্থগিত বা বাতিল করতে পারবেন।

4.7.25

মোঃ সাকিব হোসেন

অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা
www.nbr.gov.bd
[কাস্টমস গোয়েন্দা ও নিলাম শাখা]

# ইউ ও নোট

বিষয়: কাস্টমস্ হাউস, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত নিলামে সর্বাধিক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে নিলাম বিজ্ঞপ্তি সকল সরকারি দপ্তরের ওয়েবসাইটে প্রকাশকরণ।

সূত্র: কাস্টমস হাউস, চট্টগ্রাম এর পত্র নথি নং- ৫/কা. হা.চট্ট/নিলাম/৩৪/ই-অকশন/২০২৩/৩২৪৮, তারিখ: ১৬/০৭/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক সূত্রীয় পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, চট্টগ্রাম বন্দরের কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, বিদ্যমান কন্টেইনার জট ও এর ফলে উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ ও রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে জাতীয় রাজস্ব বোর্ড হতে জারিকৃত বিশেষ আদেশের আলোকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত E-Auction Module ব্যবহার করে কাস্টমস হাউস, চট্টগ্রামে নিলাম কার্যক্রম সম্পাদিত হচ্ছে। নিলাম কার্যক্রমে সম্ভাব্য সর্বোচ্চ সংখ্যক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং অধিকতর কার্যকর করার অংশ হিসেবে বিশেষ আদেশের নির্দেশনা মোতাবেক ব্যাপক প্রচার-প্রচারণা প্রয়োজন। এমতাবস্থায়, কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত নিলামে সর্বাধিক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং নিলাম প্রক্রিয়াকে অধিকতর কার্যকর করার লক্ষ্যে সংযুক্ত নিলাম বিজ্ঞপ্তিটি সকল সরকারি দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ করা হয়েছে।

৩। এ প্রেক্ষিতে, সংযুক্ত নিলাম বিজ্ঞপ্তিটি সকল সরকারি দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০৫ (পাঁচ) পাতা।

22/9/25
ফাতেমা খায়রুন নূর
দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা ও নিলাম)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ইমেইল ঃ cintauctionbr@gmail.com

দ্বিতীয় সচিব
বোর্ড প্রশাসন-১
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ইউ ও নোট নং- নথি নং- ০৮.০১.০০০০.০৬৩.২৬.০১২.১৭ (অংশ-২)/ ১৪৬ (১-৪) তারিখ: ২২/০৭/২০২৫ খ্রি.

০/৫

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতির জন্য ঃ

১। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
২। প্রথম সচিব (কাস্টমস: নিরীক্ষা, গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি/গার্ড ফাইল।

-৩২৪

"উন্নয়নের অক্সিজেন রাজস্ব"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
www.chc.gov.bd E-mail: customhousectg@gmail.com

"জনকল্যাণে রাজস্ব"

জাতীয় রাজস্ব বোর্ড
চেয়ারম্যান দপ্তর
ইস্যু নম্বর: ৪৮
তারিখ: ২২/৭/২৫

সদিঃ সচিব (কাঃপ্রোঃ)

নথি নং-৫/কা. হা.চট্ট./নিলাম/৩৪/ই-অকশন/২০২৩/৩২৪৮

তারিখ: ১৬/০৭/২০২৫ খ্রি.

প্রাপক: চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন,
প্লট-এফ ১/এ, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

বিষয়: কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত নিলামে সর্বাধিক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে নিলাম বিজ্ঞপ্তি সকল সরকারি দপ্তরের ওয়েবসাইটে প্রকাশকরণ।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ড এর বিশেষ আদেশ নং-৮২/২০২৫/কাস্টমস, তাং-১৪/০৫/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আদেশের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। চট্টগ্রাম বন্দরের কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, বিদ্যমান কন্টেইনার জট ও এর ফলে উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ ও রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে জাতীয় রাজস্ব বোর্ড হতে জারিকৃত সূত্রোক্ত বিশেষ আদেশের আলোকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত E-Auction Module ব্যবহার করে কাস্টমস হাউস, চট্টগ্রামে নিলাম কার্যক্রম সম্পাদিত হচ্ছে। নিলাম কার্যক্রমে সম্ভাব্য সর্বোচ্চ সংখ্যক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং অধিকতর কার্যকর করার অংশ হিসেবে বিশেষ আদেশের নির্দেশনা মোতাবেক ব্যাপক প্রচার-প্রচারণা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত নিলামে সর্বাধিক বিডারের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং নিলাম প্রক্রিয়াকে অধিকতর কার্যকর করার লক্ষ্যে সংযুক্ত নিলাম বিজ্ঞপ্তিটি সকল সরকারি দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে (চার) পাতা।

মোহাম্মদ শফি উদ্দিন
কমিশনার অব কাস্টমস (চঃ দাঃ)
কাস্টমস হাউস, চট্টগ্রাম।
ফোন: ০২৩৩৩৩১৭১৩৯।

-৬১৬-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
[কাস্টমস]

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

বিশেষ আদেশ নং- ৮২/২০২৫/ কাস্টমস

যেহেতু চট্টগ্রাম বন্দরে বিদ্যমান কন্টেইনার জট ও এর ফলে উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, পণ্য সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখা ও রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধ করা অতীব জরুরী;

যেহেতু দীর্ঘদিন ধরে পড়ে থাকা অখালাসকৃত অথবা বাজেয়াপ্তকৃত অথবা অনিষ্পন্ন পণ্য দ্রুততম সময়ে নিলাম ও ধ্বংসের প্রয়োজনীয়তা রহিয়াছে;

যেহেতু চট্টগ্রাম বন্দরের কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, বিদ্যমান কন্টেইনার জট ও এর ফলে উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ৯৪ ও এর সহিত পঠিতব্য ধারা ২৩৭ এবং ধারা ২৬৬- এ প্রদত্ত ক্ষমতাবলে এই বিশেষ আদেশ জারি করা হইল, যথাঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও আদেশ:**

(ক) এই বিশেষ আদেশ চট্টগ্রাম বন্দরে দ্রুত নিলাম, বিলিবন্দেজ ও ধ্বংস কার্যক্রম সংক্রান্ত বিশেষ আদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে;

(খ) ভিন্নরূপ উল্লিখিত না থাকিলে ইহা কাস্টমস হাউস, চট্টগ্রাম এর মাধ্যমে ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রি: পর্যন্ত আমদানিকৃত বা রপ্তানিতব্য অনুচ্ছেদ ২(খ) তে বর্ণিত নিষ্পত্তিযোগ্য পণ্যের (সকল প্রকার যানবাহন ব্যতীত) ক্ষেত্রেই প্রযোজ্য হইবে;

(গ) এই বিশেষ আদেশ জারির তারিখ হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**: এই বিশেষ আদেশের উদ্দেশ্য পূরণকল্পে-

(ক) 'আইন' অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭নং আইন);

(খ) 'নিষ্পত্তিযোগ্য পণ্য' অর্থ আইনের ধারা ৯৪ অনুযায়ী সরকারের নিকট হস্তান্তরিত পণ্য;

(গ) 'নিলাম' অর্থ এই আদেশে বর্ণিত ই-নিলাম বা E-Auction (জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত E-Auction Module. যা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রদর্শিত) । যেই ক্ষেত্রে ই-নিলাম সম্ভব নয় সেই ক্ষেত্রে প্রকাশ্য অথবা সিল্ড পদ্ধতি ব্যবহারপূর্বক পণ্যের নিষ্পত্তি। সেই ক্ষেত্রে ই-নিলামের মাধ্যমে পূর্নাঙ্গ নিলাম সম্ভব নয়, সেই ক্ষেত্রে ই নিলাম ও সিল্ড উভয় পদ্ধতি ব্যবহারপূর্বক পণ্যের নিষ্পত্তি;

(ঘ) 'নিলামকারী (Auctioneer)' অর্থ নিলাম পরিচালনাকারী কর্তৃপক্ষকে নিলাম পরিচালনার কাজে সকল প্রকার সহযোগিতা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান;

(ঙ) 'নিলাম পরিচালনাকারী কর্তৃপক্ষ' অর্থ অ্যাসিস্ট্যান্ট/ ডেপুটি কমিশনার অব কাস্টমস (নিলাম) বা কমিশনার অব কাস্টমস কর্তৃক নিলাম সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য মনোনীত এক বা একাধিক কর্মকর্তা;

(চ) 'পচনশীল পণ্য' অর্থ পচনশীল পন্য দ্রুত খালাস ও নিষ্পত্তিকরণ বিধিমালা, ২০২১ এর বিধি ২(১)(জ) এ সংজ্ঞায়িত পচনশীল পণ্য;

(ছ) 'পরীক্ষণ কর্তৃপক্ষ' অর্থ সরকার কর্তৃক অনুমোদিত পরীক্ষণকারী প্রতিষ্ঠান যেমন; বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, BCSIR, BSTI এবং সরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয় যেমন: BUET, CUET, KUET ও RUET ইত্যাদি।

**৩। নিষ্পত্তিযোগ্য পণ্যের ব্যবস্থাপনা পদ্ধতি:**

- **(১) নিলামযোগ্য পণ্য:**

(ক) উপ-অনুচ্ছেদ (৩) এ বর্ণিত ক্ষেত্র এবং ধ্বংসের মাধ্যমে নিষ্পত্তিযোগ্য পণ্য ব্যতীত আমদানিকৃত বা রপ্তানিতব্য অখালাসকৃত অথবা চোরাচালান বা আইনের অন্য কোন বিধান লংঘনের অভিযোগে আটককৃত বা বাজেয়াপ্তকৃত পণ্য নিলামে বিক্রি করিতে হইবে। তবে বৈদেশিক মিশন, কূটনীতিক, প্রিভিলেজড পার্সন/নন প্রিভিলেজড পার্সন কর্তৃক আমদানিকৃত পণ্য নিলামের পূর্বে, প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট মন্ত্রণালয় অথবা পাস বই ইস্যুকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে;

(খ) শর্তসাপেক্ষে আমদানিযোগ্য পণ্য (শিল্পের কাঁচামালসহ) বাণিজ্য মন্ত্রণালয় হইতে এককালীন পূর্বানুমতি নিয়ে অতঃপর নিলামে বিক্রয় করিতে হইবে;

(গ) উপ-অনুচ্ছেদ ৩(ক), ৩(খ), ৩(ঙ) এবং ৩(চ) তে বর্ণিত ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পত্র প্রদানের পরবর্তী ১ (এক) মাস সময়ের মধ্যে মালামাল গ্রহণে ব্যর্থ হইলে তাহা নিলামে বিক্রি করা যাইবে;

(ঘ) যেই সকল পণ্য চালানের বিপরীতে আদালতে মামলা চলমান রহিয়াছে তাহা আদালতের অনুমতি গ্রহণপূর্বক নিলামে বিক্রি করিতে হইবে।

**(২) E-Auction এর মাধ্যমে নিলাম পদ্ধতিঃ** নিলাম সংক্রান্ত বলবৎ স্থায়ী আদেশে বর্ণিত প্রকাশ্য নিলামের মাধ্যমে নিষ্পত্তিযোগ্য পণ্যসমূহ এবং এই বিশেষ আদেশের উপ-অনুচ্ছেদ (৩) এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত অন্যান্য পণ্য নিলামের ক্ষেত্রে নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করে E-Auction এর মাধ্যমে নিলাম সম্পন্ন করিতে হইবে, যথাঃ

(ক) নিলাম সংক্রান্ত বলবৎ স্থায়ী আদেশ অনুযায়ী নিষ্পত্তিযোগ্য পণ্যসমূহের তালিকা ও লট প্রস্তুতকরণপূর্বক পণ্যসমূহের কায়িক পরীক্ষণ বা ইনভেন্ট্রি সম্পন্ন করিতে হইবে। তবে ইতোমধ্যে যেই সকল পণ্য চালানের কায়িক পরীক্ষণ বা ইনভেন্ট্রি সম্পন্ন হইয়াছে, সেই সকল পণ্য চালানের নতুন করিয়া কায়িক পরীক্ষণ বা ইনভেন্ট্রি প্রয়োজন হইবে না;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে যেই সকল পণ্য চালান ইতোপূর্বে বিভিন্ন টেন্ডার সেল এ অন্তর্ভুক্ত হইলেও অনিষ্পন্ন অবস্থায় রহিয়াছে এবং উক্ত লটের বিপরীতে পে-অর্ডার জমা রহিয়াছে সেই সকল পে-অর্ডার ফেরত প্রদান করিতে হইবে;

(গ) ইনভেন্ট্রিকৃত লটের পণ্য নিলামে বিক্রির উদ্দেশ্যে কমিশনারের অনুমোদনক্রমে নিলাম পরিচালনাকারী কর্তৃপক্ষ নিলামের তারিখ ও সময় নির্ধারণ করিবেন;

(ঘ) নিলামের নির্ধারিত তারিখ ও সময়ের ১৫ (পনেরো) দিন পূর্বে লটগুলোকে নিলামের ক্যাটালগভুক্ত করার জন্য লটের তালিকা নিলামকারীকে সরবরাহ করিতে হইবে। নিলাম পরিচালনাকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিলামকারী ক্যাটালগ তৈরি করিবেন;

(ঙ) কোন লটের পণ্যের ক্ষেত্রে রাসায়নিক পরীক্ষণ বা আমদানি নীতির কোন শর্ত পরিপালনের বিধান থাকিলে তাহা ক্যাটালগে সংশ্লিষ্ট লটের বিপরীতে অবশ্যই উল্লেখ করিতে হইবে;

(চ) অনলাইনে নিলাম কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত ই-অকশন মডিউল (E-Auction Module) ব্যবহার করিতে হইবে;

(ছ) নিষ্পত্তিযোগ্য পণ্যসমূহের সংরক্ষিত মূল্য নির্ধারণ করিতে হইবে না। তবে নিলাম অনুষ্ঠানের পূর্বে লটসমূহের বিপরীতে রীট মামলা বা অন্য কোন মামলা চলমান আছে কিনা তাহা যাচাই করিতে হইবে।

**(৩) নিলাম ব্যতীত হস্তান্তর বা অন্য উপায়ে ব্যবস্থাপনা:** নিম্নোক্ত নিষ্পত্তিযোগ্য পণ্যসমূহ নিলামের পূর্বে বিশেষায়িত সংস্থার নিকট বিক্রয় বা হস্তান্তরের নিমিত্ত নিম্নবর্ণিত পদ্ধতি (প্রযোজ্য ক্ষেত্রে) অনুসরণ করিয়া নিষ্পত্তি করিতে হইবে;

(ক) পচনশীল পণ্য (চিনি, সাধারণ লবন, ডাল, সয়াবিন তেল, ছোলা প্রভৃতি) টিসিবির নিকট টিসিবি কর্তৃক প্রদত্ত অফার মূল্যে বিক্রি করিতে হইবে;

(খ) সকল প্রকার সূতা তাঁত বোর্ড কর্তৃক প্রদত্ত অফার মূল্যে তাঁত বোর্ডকে প্রদান করিতে হইবে;

(গ) মদ ও মদ জাতীয় পানীয় বাংলাদেশ পর্যটন কর্পোরেশন বা কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত ডিপ্লোমেটিক বন্ডেড প্রতিষ্ঠান বা মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান বা সরকারের সংশ্লিষ্ট দপ্তর বা সংস্থা কর্তৃক এতদুদ্দেশ্যে যথাযথ লাইসেন্সপ্রাপ্ত বা অনুমোদিত প্রতিষ্ঠানের নিকট অফার মূল্যে বিক্রি করিতে হইবে;

(ঘ) অখালাসকৃত, আটক ও বাজেয়াপ্তকৃত বিস্ফোরক দ্রব্য, আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ যথাযথ পদ্ধতিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মতামতের ভিত্তিতে প্রতিরক্ষা বাহিনী বা আইন প্রয়োগকারী সংস্থার নিকট হস্তান্তর করিতে হইবে;

(ঙ) সার বাংলাদেশ ফার্টিলাইজার সমিতির সদস্যদের নিকট অফার মূল্যে (একাধিক অফারের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যে) বিক্রি করিতে পারিবে;

(চ) ঔষধের কাঁচামাল ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে কেন্দ্রীয় ঔষধাগার বা রাষ্ট্রীয় মালিকানাধীন ঔষধ কোম্পানি (যেমন এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিঃ) এর নিকট ঔষধ প্রশাসন অধিদপ্তরের রকলিস্টের নির্ধারিত মূল্য অনুযায়ী বিক্রয় করিতে হইবে;

(ছ) যেই সকল পণ্য আমদানি নীতি বা রপ্তানী নীতি অনুযায়ী শর্তসাপেক্ষে, নিয়ন্ত্রিত বা নিষিদ্ধ অথবা পণ্যের গুনগতমান নষ্ট হইবার কারনে বা অন্য কোন কারণে নিলামের মাধ্যমে নিষ্পত্তি করা সম্ভব নয় অথবা সম্ভব হয় নাই, উহা ধ্বংস বা নিষ্ক্রিয়করণের লক্ষ্যে নিলাম ব্যতিরেকে বিশেষায়িত সংস্থা বা প্রযুক্তিগত সক্ষমতা সম্পন্ন প্রতিষ্ঠানের নিকট বিনামূল্যে হস্তান্তর করা যাইবে;

(জ) স্থায়ী আদেশের বিধানাবলী অনুসরনপূর্বক দুইটি নিলামের মাধ্যমেও কোন পণ্য বিক্রয় করা সম্ভব না হইলে অথবা দরপত্র পাওয়া না গেলে নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে গণবিজ্ঞপ্তি জারিসহ ব্যাপক প্রচার প্রচারণাপূর্বক পণ্য গ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট উক্ত পণ্য অফার মূল্যে (একাধিক অফারের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যে) বিক্রয় করিতে পারিবে;

(ঝ) পরীক্ষন কর্তৃপক্ষ কর্তৃক ব্যবহার উপযোগিতা রয়েছে মর্মে প্রত্যয়নকৃত মেয়াদোত্তীর্ণ বিপজ্জনক পণ্য বা কেমিক্যাল জাতীয় পণ্যসমূহ প্রকৃত ব্যবহারকারী বা বিশেষায়িত সংস্থা বা প্রযুক্তিগত সক্ষমতা সম্পন্ন প্রতিষ্ঠানের নিকট অফার মূল্যে (একাধিক অফারের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যে) বিক্রয় করিতে পারিবে।

**(৪) E-Auction এর মাধ্যমে সম্পাদিত নিলামের বিষয়ে নিলাম কমিটির সুপারিশ:** নিলাম অনুমোদন বা প্রত্যাখান বিষয়ে কমিশনারের নিকট সুপারিশ করার জন্য নিলাম কমিটি প্রাপ্ত দরমূল্য ও অন্যান্য তথ্যাদি যাচাই করে নিম্নরূপ পন্থা অবলম্বন করিবেনঃ

(ক) প্রথম নিলামে কোন লটের বিপরীতে প্রাপ্ত মূল্যসমূহের মধ্যে সর্বোচ্চ মূল্যে সংশ্লিষ্ট লটের পণ্য বিক্রয়ের সুপারিশ করিতে হইবে;

(খ) প্রথম নিলামে কোন পণ্যের দরপত্র পাওয়া না গেলে অথবা বিক্রয় করা সম্ভব না হইলে পুনরায় নিলামে তুলিতে হইবে এবং উক্ত নিলামে কোন লটের বিপরীতে প্রাপ্ত মূল্যসমূহের মধ্যে সর্বোচ্চ মূল্যে সংশ্লিষ্ট লটের পণ্য বিক্রয়ের সুপারিশ করিতে হইবে;

(গ) নিলামে বিক্রয়যোগ্য পণ্য খালাসের পূর্বে কোন রাসায়নিক পরীক্ষণ বা অন্য কোন শর্ত পরিপালন প্রয়োজন হইলে সেই সকল শর্ত পরিপালন সাপেক্ষে পণ্য খালাসযোগ্য হইবে মর্মে সুপারিশে উল্লেখ করিতে হইবে।

৪। সকল প্রকার যানবাহনের নিলাম বা অন্যবিধ নিষ্পত্তিমূলক কার্যক্রম এ আদেশের আওতা বহির্ভূত থাকিবে।

৫। এ সংক্রান্ত স্থায়ী আদেশে বর্ণিত অন্যান্য পদ্ধতি ও বিধান অপরিবর্তিত থাকিবে।

৬। জাতীয় রাজস্ব বোর্ড পৃথক আদেশ দ্বারা অনুচ্ছেদ ১(খ) এ বর্ণিত সময়সীমা পুনঃনির্ধারণ করিতে পারিবে।

৭। এই আদেশের কোন বিষয়ের সাথে আইন বা কোন বিধিতে উল্লিখিত বিধানের বৈসাদৃশ্য বা অসামঞ্জস্যতা পরিলক্ষিত হইলে আইন, বিধি বা এস.আর.ও এর বিধান প্রাধান্য পাইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

১৪/০৫/২০

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

-৩১১-

নথি নং ০৮.০১.০০০০.০৬৩.০২.০০২.১৪/ তারিখ: ১৪ /০৫/২০২৫ খ্রি.

বিতরণ:

(১) সদস্য (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
(২) প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
(৩) কমিশনার/মহাপরিচালক (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ।
(৪) মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/সিআইসি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
(৫) সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে আলোচ্য স্থায়ী আদেশটি NBR ও কাস্টমসের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
(৬) প্রথম সচিব/দ্বিতীয় সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
উপপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেঁজগাও, ঢাকা (তাঁকে বাংলাদেশ গেজেটে ৫০০ কপি প্রকাশের অনুরোধসহ)।

১৪/৫/২০২৫
ফাতেমা খায়রুন নূর
দ্বিতীয় সচিব (কাস্টমস: গোয়েন্দা ও নিলাম)